



ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Dhaka Customs Agents Association

ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942

সূত্র নং ডিসিএ/এনবিআর/০৭/২০২৫/৮৩৬

তারিখ ১২/০৫/২০২৫ইং

Govt. Reg. No.-2960

HEAD OFFICE & MAILING ADDRESS

3/C, New Baily Road,
Ramna, Dhaka.
Phone : 8802 41030680
PABX : 8802-41030710
E-mail : dcaa.2009@gmail.com
dcaa.ho@dcaadhaka.org
www.dcaadhaka.org

BRANCH OFFICE

AIR FREIGHT UNIT OFFICE

C & F Bhaban

Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka-1230
Phone: 41091278

ASYCUDA WORLD OFFICE

Custom House (G.F)

Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka.
Phone: 41091280

ICD KAMALAPUR OFFICE

Custom House, ICD,

Kamalapur, Dhaka-1000
Phone: 58311105, 48311584

SAVAR OFFICE

DEPZ Customs Station,

Ganakbari, Savar, Dhaka.
Phone: 02224498266

ADAMZEE OFFICE

Adamzee EPZ Customs Station

Siddirganj, Narayanganj

PANGAON OFFICE

Pangaon Custom House

Pangaon, Keraniganj
Dhaka

MUKTERPUR OFFICE

LC Station, Munshigonj

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন,

প্লট-এফ ১/এ, শের-ই-বাংলা নগর,

আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয় : প্রস্তাবিত এসআরও নংআইন/২০২৫/.....৫৯-কাস্টমস। সরকার কাস্টমস্ আইন, ২০২৩ প্রণীত এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান খালাসকরণ বিধিমালা-২০২৫ এর কতিপয় বিধি, উপ-বিধি, দফা এবং উপ-দফায় প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক পণ্য খালাস কার্যক্রম ত্বরান্বিত করার ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রস্তাবনা প্রেরণ।

মহোদয়,

সম্মান সহকারে জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক কাস্টমস আইন ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ৯৬ এর দফা (চ) এবং ধারা ২৪৩ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রস্তাবিত এসআরও নংআইন/২০২৫/.....৫৯-কাস্টমস। সরকার কাস্টমস্ আইন, ২০২৩ প্রণীত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের মাধ্যমে আমদানিকৃত পণ্য ব্যবস্থাপনা ও খালাসের জন্য এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান খালাসকরণ বিধিমালা-২০২৫ প্রণয়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমরা উক্ত উদ্যোগকে সাধুবাদ জানাই।

উল্লেখ্য, ইতোপূর্বে জারীকৃত এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান খালাসকরণ বিধিমালা-২০২৪ এর কতিপয় ধারা, উপ-ধারায় সংশোধনী আনয়নের লক্ষ্যে অত্র এসোসিয়েশনের পক্ষ থেকে প্রস্তাবনা পেশ করা হয়। কিন্তু বর্তমানে প্রস্তাবিত বিধিমালায় তার কোন প্রতিফলন ঘটেনি।

বর্তমান অবস্থায় পূরণীয় প্রস্তাবিত এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান খালাসকরণ বিধিমালা-২০২৫ প্রণয়নের উদ্যোগ বাস্তবায়িত হলে সিএন্ডএফ এজেন্টগণের আইনসম্মত কারবার বা ব্যবসা পরিচালনা করার মৌলিক অধিকারে প্রতিবন্ধকতা সৃষ্টি ও এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে অযৌক্তিকভাবে একতরফা সুবিধা প্রদানের বিধান কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

সার্বিক অবস্থার প্রেক্ষিতে প্রস্তাবিত এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান খালাসকরণ বিধিমালা-২০২৫ এর কতিপয় বিধি উপ-বিধি, দফা এবং উপ-দফা সংশোধন প্রয়োজন যথা- বিধি-১(২), বিধি-২(১)(ত), বিধি-৩, বিধি ৯(২) ও ৯(৩), বিধি ১২(১) (খ) (অ) (আ) (ই) (ঈ) ও (গ) এবং (ঘ), বিধি ১২(২), বিধি-১৩ (ঘ) ও (ঙ), বিধি ১৭(১) (খ) ও (গ) -তে প্রয়োজনীয় সংশোধনী আনয়নের লক্ষ্যে সংশোধনী প্রস্তাবনা এ পত্রের সাথে সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো।

অতএব, প্রস্তাবিত এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান দ্রুত খালাসকরণ বিধিমালা ২০২৫, এর বর্ণিত বিধি, উপ-বিধি, দফা এবং উপ-দফা সমূহ সংশোধন করে পণ্যখালাস কার্যক্রম ত্বরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

(মোঃ ফারুক আলম)

সাধারণ সম্পাদক

ফোন : ০১৭১১-৫২০২৭৯

(মোঃ মিজানুর রহমান)

সভাপতি

ফোন : ০১৭১১-৫২১১০৮

সংযুক্ত : ৪ বর্ণনামতে।

SOFT COPY : www.dcaadhaka.org এর Notice Board-এ দেয়া আছে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। সদস্য (স্বাক্ষর: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, প্লট-এফ ১/এ, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০২। কমিশনার অব কাস্টমস্, ঢাকা কাস্টম হাউস, ঢাকা।

এস.আর.ও. নং.. আইন/ ২০২৫/ / কাস্টমস। সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ৯৬ এর দফা (চ), ধারা ২৪৩ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:

এনবিআর কর্তৃক প্রস্তাবিত এসআরও	ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন কর্তৃক প্রস্তাবনা	প্রস্তাবনার পক্ষে যুক্তি
১। শিরোনাম ও প্রবর্তন। (১) এই বিধিমালা এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান দ্রুত খালাসকরণ বিধিমালা, ২০২৫৪ নামে অভিহিত হইবে। (২) কাস্টমস আইন, ২০২৩ কার্যকর হইবার সঙ্গে সঙ্গে এই বিধিমালা প্রণয়ন করা প্রয়োজন বিধায়, ইহা ৬ জুন, ২০২৪ তারিখে অবিলম্বে কার্যকর হইবে।	১। শিরোনাম ও প্রবর্তন।- (১) এই বিধিমালা এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান দ্রুত খালাসকরণ বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে। (২) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।	
২। সংজ্ঞা।- (১)(ত) “লাইসেন্স” অর্থ এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের মাধ্যমে আমদানিকৃত বা রপ্তানিকৃত পণ্য ব্যবস্থাপনা ও খালাস এর জন্য বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্স; এবং	২। সংজ্ঞা।- (১)(ত) “লাইসেন্স” অর্থ এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের মাধ্যমে আমদানিকৃত পণ্য ব্যবস্থাপনা ও খালাস এর জন্য বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্স; এবং	
৩। লাইসেন্স।-এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের মাধ্যমে আমদানিকৃত বা রপ্তানিকৃত পণ্য ব্যবস্থাপনা ও খালাসের জন্য অন-বোর্ড এক্সপ্রেস সার্ভিস এবং আন্তর্জাতিক এয়ার এক্সপ্রেস সার্ভিস-কে এই বিধিমালার বিধান অনুযায়ী লাইসেন্স গ্রহণ করিতে হইবে।	৩। লাইসেন্স।-এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের মাধ্যমে আমদানিকৃত পণ্য ব্যবস্থাপনা ও খালাসের জন্য অন-বোর্ড এক্সপ্রেস সার্ভিস এবং আন্তর্জাতিক এয়ার এক্সপ্রেস সার্ভিস-কে এই বিধিমালার বিধান অনুযায়ী লাইসেন্স গ্রহণ করিতে হইবে।	
৯। কাস্টমস কম্পিউটার সিস্টেমের মাধ্যমে কার্য পরিচালনার জন্য ইউজার আইডি, পাসওয়ার্ড ও এজেন্ট নম্বর প্রদান।- (২) এক্সপ্রেস পদ্ধতির আওতায় পণ্যচালানের শুদ্ধায়ন এবং খালাস কার্য সম্পাদনের জন্য আগ্রহী কাস্টমস এজেন্টকে আবেদনের ভিত্তিতে ইউজার আইডি, পাসওয়ার্ড ও ESPIN প্রদান করা যাইবে। (৩২) ইউজার আইডি, পাসওয়ার্ড ও ESPIN প্রাপ্তির জন্য লাইসেন্সের নিম্নবর্ণিত জনবল, অফিস সরঞ্জাম, তথ্য প্রযুক্তি নির্ভর সিস্টেম থাকিতে হইবে, যথা:	৯। কাস্টমস কম্পিউটার সিস্টেমের মাধ্যমে কার্য পরিচালনার জন্য ইউজার আইডি, পাসওয়ার্ড ও এজেন্ট নম্বর প্রদান।- (২) এক্সপ্রেস পদ্ধতির আওতায় পণ্যচালানের শুদ্ধায়ন এবং খালাস কার্য সম্পাদনের জন্য আগ্রহী কাস্টমস এজেন্টকে আবেদনের ভিত্তিতে ইউজার আইডি, পাসওয়ার্ড ও ESPIN প্রদান করা যাইবে এবং <u>বিধি-(৩) প্রযোজ্য হইবে না;</u> (৩) এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের ইউজার আইডি, পাসওয়ার্ড ও ESPIN প্রাপ্তির জন্য লাইসেন্সের নিম্নবর্ণিত জনবল, অফিস সরঞ্জাম, তথ্য প্রযুক্তি নির্ভর সিস্টেম থাকিতে হইবে, যথা:	



১২। এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যচালানের ক্যাটাগরি ও মোড়কীকরণ।- (১)(খ) ক্যাটাগরি-২ এর আওতাভুক্ত পণ্য: বাণিজ্যিকভাবে বিক্রয়ের উদ্দেশ্যবিহীন অথবা আইনানুগভাবে গুপ্ত ও কর অব্যাহতিপ্রাপ্ত পণ্য, যথা (অ) নমুনা; (আ) বিজ্ঞাপন সামগ্রী; (ই) উপহার সামগ্রী; (ঈ) ডি মিনিমিস (De minimis) সুবিধাপ্রাপ্ত পণ্য; (গ) ক্যাটাগরি-৩ এর আওতাভুক্ত পণ্য: আন্তঃসীমান্ত ই-কমার্স প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে সরবরাহের উদ্দেশ্যে প্রেরিত ৩০ (ত্রিশ) কেজির নিম্নের ওজন বিশিষ্ট পণ্যচালান; (ঘ) ক্যাটাগরি-৪ এর আওতাভুক্ত পণ্য: ক্যাটাগরি-১, ক্যাটাগরি-২ ও ক্যাটাগরি-৩ ব্যতীত এক্সপ্রেস সার্ভিসযোগে আমদানিকৃত ৩০ (ত্রিশ) কেজির নিম্নের ওজন বিশিষ্ট কোনো পণ্যচালান। (২) এক্সপ্রেস সার্ভিসযোগে আমদানি করা হইলেও ৩০ (ত্রিশ) কেজির উর্ধ্ব ওজনের কোনো পণ্য চালান বা পার্সেলের ক্ষেত্রে এই বিধিমালার সুবিধাদি প্রযোজ্য হইবে না এবং উহা স্বাভাবিক পণ্যচালান হিসাবে কাস্টমস আনুষ্ঠানিকতা সম্পন্ন করিতে হইবে।	১২। এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যচালানের ক্যাটাগরি ও মোড়কীকরণ।- (১)(খ) অপরিবর্তিত থাকবে। (অ) বাতিল করার প্রস্তাব করা হল। (আ) বাতিল করার প্রস্তাব করা হল। (ই) উপহার সামগ্রী; (বাংলাদেশের নাগরিক ও বৈধ বসবাসকারির জন্য প্রেরিত) (ঈ) বাতিল প্রস্তাব করা হল। (গ) ক্যাটাগরি-৩ এর আওতাভুক্ত পণ্য: আন্তঃসীমান্ত ই-কমার্স প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে সরবরাহের উদ্দেশ্যে প্রেরিত ০৫ (পাঁচ) কেজির নিম্নের ওজন বিশিষ্ট পণ্যচালান; (ঘ) বাতিলের প্রস্তাব করা হল। (২) এক্সপ্রেস সার্ভিসযোগে আমদানি করা হইলেও ০৫ (পাঁচ) কেজির উর্ধ্ব ওজনের কোনো পণ্য চালান বা পার্সেলের ক্ষেত্রে এই বিধিমালার সুবিধাদি প্রযোজ্য হইবে না এবং উহা স্বাভাবিক পণ্যচালান হিসাবে কাস্টমস আনুষ্ঠানিকতা সম্পন্ন করিতে হইবে।	জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য, গুপ্তনীতি ও আইসিটি মহোদয়ের সহিত যৌথ সভার সিদ্ধান্ত মোতাবেক ০৩ (তিন) কেজির থেকে ০৫ (পাঁচ) কেজিতে উন্নিত করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য, গুপ্তনীতি ও আইসিটি মহোদয়ের সহিত যৌথ সভার সিদ্ধান্ত মোতাবেক ০৩ (তিন) কেজির থেকে ০৫ (পাঁচ) কেজিতে উন্নিত করা হয়েছে।
---	---	---



(Handwritten signature)

১৩। কতিপয় পণ্যের ক্ষেত্রে বিধি-নিষেধ।- (ঘ) বিদ্যমান আমদানি নীতি আদেশ অনুসারে নিয়ন্ত্রিত পণ্য অথবা সঙ্গনিরোধ সনদের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ পণ্য অথবা ভৌত বা রাসায়নিক পরীক্ষার মাধ্যমে যথাযথ মান সনদ প্রাপ্তি সাপেক্ষে খালাসের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ কোনো পণ্য; (ঙ) ৩০ (ত্রিশ) কেজি বা তদুর্ধ্ব ওজনের কোনো পণ্যচালান বা পার্সেল যাহার ক্ষেত্রে স্বাভাবিক পণ্যচালান হিসাবে যাবতীয় কাস্টমস আনুষ্ঠানিকতা পরিপালনযোগ্য; এবং	১৩। কতিপয় পণ্যের ক্ষেত্রে বিধি-নিষেধ।- (ঘ) বিদ্যমান আমদানি নীতি আদেশ অনুসারে নিয়ন্ত্রিত পণ্য, <u>বোর্ড বা পোষক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত দলিল, সার্টিফিকেট, লাইসেন্স, পারমিট, SRO সুবিধা প্রাপ্ত পণ্য শিল্প বানিজ্যিক প্রতিষ্ঠানভুক্ত</u> পণ্য অথবা সঙ্গনিরোধ সনদের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ পণ্য অথবা ভৌত বা রাসায়নিক পরীক্ষার মাধ্যমে যথাযথ মান সনদ প্রাপ্তি সাপেক্ষে খালাসের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ কোনো পণ্য; (ঙ) ০৫ (পাঁচ) কেজি বা তদুর্ধ্ব ওজনের কোনো পণ্যচালান বা পার্সেল যাহার ক্ষেত্রে স্বাভাবিক পণ্যচালান হিসাবে যাবতীয় কাস্টমস আনুষ্ঠানিকতা পরিপালনযোগ্য; এবং	জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য, গুরুনীতি ও আইসিটি মহোদয়ের সহিত যৌথ সভার সিদ্ধান্ত মোতাবেক ০৩ (তিন) কেজির থেকে ০৫ (পাঁচ) কেজিতে উন্নিত করা হয়েছে।
১৭। এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের ঘোষণা দাখিলের পদ্ধতি।- (১)(খ) ক্যাটাগরি-২ ও ক্যাটাগরি ৩:হইবে। তবে শর্ত থাকে যে, উপহার সামগ্রী বা ডি-মিনিমিস পণ্যচালানের ক্ষেত্রে গ্রাহক যদি কোনো ব্যক্তি হন তাহা হইলে গ্রাহকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি দাখিল করিতে হইবে এবং উপহার সামগ্রী বা নমুনা বা ডি-মিনিমিস পণ্যচালানের ক্ষেত্রে গ্রাহক যদি কোনো প্রতিষ্ঠান হন তাহা হইলে উহার মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর বা ক্ষেত্রমত, কাস্টমস স্টেশন কর্তৃক প্রদত্ত Consignee Identification Number (CIN) উল্লেখ করিয়া পণ্য ঘোষণা বিল অব এন্ট্রি দাখিল করিতে হইবে:	১৭। এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের ঘোষণা দাখিলের পদ্ধতি।- (১)(খ) ক্যাটাগরি-২ ও ক্যাটাগরি ৩:হইবে। তবে শর্ত থাকে যে, উপহার সামগ্রী পণ্যচালানের ক্ষেত্রে গ্রাহক যদি কোনো ব্যক্তি হন তাহা হইলে গ্রাহকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি দাখিল করিতে হইবে এবং উপহার সামগ্রী বা পণ্যচালানের ক্ষেত্রে গ্রাহক যদি কোনো প্রতিষ্ঠান হন তাহা হইলে উহার মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর বা ক্ষেত্রমত, কাস্টমস স্টেশন কর্তৃক প্রদত্ত Consignee Identification Number (CIN) উল্লেখ করিয়া পণ্য ঘোষণা বিল অব এন্ট্রি দাখিল করিতে হইবে:	



20

(গ) ক্যাটাগরি-৪: একক কার্গো ঘোষণা বা মাস্টার এয়ারওয়ে বিলের মাধ্যমে কোনো লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানযোগে আনীত ক্যাটাগরি-৪ এর সকল পণ্যচালানের ক্ষেত্রে প্রতিটি চালানের জন্য প্রস্তুতকৃত ভিন্ন ভিন্ন হাউস এয়ারওয়ে বিলের বিপরীতে লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান বা কোনো কাস্টমস ক্লিয়ারিং এজেন্ট কর্তৃক কাস্টমস কম্পিউটার সিস্টেমে প্রযোজ্য সকল তথ্য সম্বলিত পণ্য ঘোষণা বা বিল অব এন্ট্রি প্রত্যেকটি পণ্যচালানের জন্য গ্রাহকের নামে আলাদা আলাদাভাবে দাখিল করিতে হইবে: তবে শর্ত থাকে যে, গ্রাহক কর্তৃক তাহার নামে আনীত পণ্য খালাসের জন্য প্রত্যেকটি হাউস এয়ারওয়ে বিলের বিপরীতে লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে বা কোনো কাস্টমস ক্লিয়ারিং এজেন্টকে ক্ষমতা অর্পণের দলিলাদি থাকিতে হইবে।	(গ) ক্যাটাগরি-৪: বাতিল করার প্রস্তাব করা হল।	
--	---	--

২৩

